গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
গুইমারা,খাগড়াছড়ি পার্বত্য জেলা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## গুইমারা উপজেলা পরিষদের “আগষ্ট/২০২২খ্রি.” মাসের মাসিক সাধারন সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মেমং মারমা
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গুইমারা
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভার তারিখ ঃ ১৬/০৮/২০২২খ্রি.
সময় ঃ সকাল-১০.০০ ঘটিকায়
সভার স্থান ঃ উপজেলা পরিষদ কার্যালয়।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পরিচিতি পরিশিষ্ট “ক ও খ” দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ মোতাছেম বিল্যাহ কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে উপস্থিত সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং আগামী দিনগুলোতে যাতে সকল বিষয়ে সমন্বয় এর সাথে কাজ করে অত্র উপজেলার সকল প্রকার সমস্যা সমাধান, জনগণের কাঙ্খিত সেবা ও উন্নয়নের ধারা অব্যাহত রাখা যায় সে বিষয়ে সকল কর্মকর্তা, নির্বাচিত জনপ্রতিনিধি ও জনগণকে একসাথে কাজ করার বিনীত আহবান জানান। পরবর্তীতে তিনি বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় ঃ

| ক্রঃ নং | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :**<br>সভায় উপস্থাপিত জুলাই/২০২২খ্রি. মাসের সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারও কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভার সদস্যগণের কোন আপত্তি না থাকায় কার্যবিবরণী অনুমোদন করা হয়। | জুলাই/২০২২খ্রি. মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | সভার সকল সদস্য |
| ০২ | **উপজেলা প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী জনাব মোহা: আব্দুল মান্নান জানান যে, গুইমারা উপজেলায় ২০২২-২০২৩খ্রি. অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপির আওতায় এখনো কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া সাপেক্ষে কার্যক্রম শুরু করা হবে।<br>গুইমারা উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও অডিটরিয়াম নির্মাণ কাজের টেন্ডার দেয়া হয়েছে। টেন্ডার ড্রপিং এর শেষ তারিখ ২৯ আগষ্ট ২০২২খ্রি. সরকারি নীতিমালা ও নির্দেশনা অনুযায়ী প্রশাসনিক ভবন ও অডিটরিয়াম এর নির্মাণ কাজ দ্রুত আরাম্ভ করার বিষয়ে আলোচনা হয়।<br><br>নবসৃষ্ট গুইমারা উপজেলার ০৩টি ইউনিয়নে এলজিইডির গুরুত্বপূর্ণ ১৪৫টি রাস্তার (সংযুক্ত কপি) আইডি নম্বর এখনো ইনভেন্টরিতে অর্ন্তভুক্ত করা সম্ভব হয়নি। বর্তমান উক্ত ১৪৫টি রাস্তার আইডি নম্বর ইনভেন্টরিতে অর্ন্তভুক্ত জরুরী প্রয়োজন। এলজিইডি এর প্রধান কার্যালয়ে পত্র প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | গুইমারা উপজেলায় ২০২২-২০২৩খ্রি. অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপির আওতায় বরাদ্দ পাওয়া সাপেক্ষে দ্রুত কার্যক্রম শুরু করার জন্য বলা হলো।<br>উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও অডিটরিয়াম এর নির্মাণ কাজ দ্রুত আরাম্ভ করার বিষয়ে উপজেলা প্রকৌশলী তৎপরতা গ্রহণ করবেন।<br><br>গুইমারা উপজেলার ০৩টি ইউনিয়নে এলজিইডির ১৪৫টি রাস্তার আইডি নম্বর ইনভেন্টরিতে অর্ন্তভুক্ত করা জরুরী বিধায় এলজিইডি এর প্রধান কার্যালয়ে দ্রুত পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকৌশলী গুইমারা। |
| ০৩ | **ত্রাণ শাখা:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার পক্ষে জনাব মিলন চাকমা, উপ-সহকারী প্রকৌশলী জানান যে, ২০২২-২০২৩খ্রি. অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচীর আওতায় গুইমারা উপজেলায় ১ম কিস্তি বাবদ ২৪,১৩,৮৬৯.৪৯/-(চব্বিশ লক্ষ তের হাজার আটশত উনসত্তর টাকা উনপঞ্চাশ পয়সা), চাল ১৬.০৯২৬ মে.টন এবং গম ১৬.০৯২৬ মে.টন বরাদ্দ পাওয়া গিয়েছে। কাবিখা বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ যথাযথ অনুসরণ করে প্রকল্প গ্রহণের বিষয়ে আলোচনা হয় এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় গুইমারা উপজেলায় ১ম কিস্তি বাবদ ১৭,৩৭,৪৯৯.৬৯/-(সেতের লক্ষ সাত্রিশ হাজার | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়নকারী অফিসারকে বলা হলো এবং অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গুইমারা। |

| | | | |
|---|---|---|---|
| | ...শত নিরানব্বই টাকা উনসত্তর পয়সা) বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দ অনুসারে টিআর কর্মসূচী নির্দেশিকা অনুসারে প্রকল্প গ্রহনের বিষয়ে আলোচনা হয়। | | |
| | **প্রাণী সম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে, গুইমারা উপজেলায় জুলাই/২০২২খ্রি. মাসে (১) গবাদি পশুর চিকিৎসার সংখ্যা=১৩৩টি, (২) হাঁস-মুরগির চিকিৎসার সংখ্যা=৪১৩৬টি, (৩)গবাদি পশুর টিকা প্রদান=৬১৬টি, (৪) হাঁস-মুরগীর টিকা প্রদান=৩,৫০০টি, (৫) কৃত্রিম প্রজনন সংখ্যা=৫৫টি, (৬) রাজস্ব আদায়=২,৫৭০টি। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে মর্মে জানান। | সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, গুইমারা। |
| ০৫ | **কৃষি বিভাগ :**<br>উপজেলা কৃষি অফিসার জনাব ওঙ্কার বিশ্বাস জানান যে, গুইমারা উপজেলায় ২০২২-২৩ অর্থ বছরে লেবু জাতীয় প্রকল্পের আওতায় অত্র উপজেলার অনুকূলে ৩০টি প্রদর্শনী বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত প্রদর্শনী মাঠে কার্যক্রম চলমান। কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ৫০% ভর্তুকীতে আগ্রহী কৃষকের নামের তালিকা অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট,ঢাকায় পাঠানোর নিমিত্তে মাঠ পর্যায়ে কার্যক্রম চলমান। চলতি মাসে অত্র উপজেলায় ইউরিয়া ১০০মে.টন, টিএসপি ৮৫মে.টন, ডিএপি ২০মে.টন ও এমওপি ১০মে.টন বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দ হতে ইউরিয়া ৩৬মে.টন, টিএসপি ২৫মে.টন, এমওপি ৫.০০মে.টন ও ডিএপি ৫.০০মে.টন সার উত্তোলন করেছেন। বর্তমান সারের কোন সংকট নেই। সারের পরিস্থিতি সন্তোষ জনক। তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে মর্মে জানান। | মাঠ পর্যায়ে কৃষকগণের সাথে এবং সংশ্লিষ্ট মেম্বার ইউপি চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে কাজ করার জন্য বলা হলো। এবং সরকারি নির্দেশনা অনুসারে তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা কৃষি অফিসার, গুইমারা। |
| ০৬ | **মৎস্য বিভাগ :**<br>উপজেলা মৎস্য অফিসার এর পক্ষে ম্রাসানাই মারমা, ক্ষেত্রসহকারী জানান যে, গুইমারা উপজেলা মৎস্য অধিদপ্তরের আগষ্ট/২০২২খ্রি. মাসে মাঠ পর্যায়ে মৎস্য চাষীদের নিয়মিত পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান চলমান রয়েছে। পুকুর পরিদর্শন-১২টি, প্রশিক্ষণ প্রাপ্ত চাষীর খামার পরিদর্শন-১১টি, অফিসে পরামর্শ প্রদান-১৩জন, মাছ বাজার পরিদর্শন ০৮দিন। তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে মর্মে জানান। | সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, গুইমারা। |
| ০৭ | **সমাজসেবা বিভাগ :**<br>উপজেলা সমাজ সেবা অফিসার জনাব আফজাল হোসেন টিপু জানান যে, গুইমারা উপজেলায় ২০২১-২০২২খ্রি. অর্থবছরে সমাজ কল্যাণ পরিষদ হতে ৬৯ (উনসত্তর) জন অসহায়, গরীব, দু:স্থ, প্রতিবন্ধী ব্যক্তিকে এককালীন ৩,৫০০/- আর্থিক অনুদান বিতরণ করা হয়। ২০২২-২৩ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতা অনলাইনে আবেদন কার্যক্রম শুরু হয়েছে। ১০ আগষ্ট ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত ডাটা এন্ট্রি কার্যক্রম চলার কথা রয়েছে। ঋণ কার্যক্রম ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে মর্মে জানান। | ২০২১-২০২২খ্রি. অর্থবছরে সকল ভাতা প্রদানের কার্যক্রম সরকারি নির্দেশনা অনুসারে দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা সমাজ সেবা অফিসার গুইমারা। |
| ০৮ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জনাব আয়ুব আলী আনসারী জানান যে, গুইমারা উপজেলায় গত অর্থবছরে ১০/১২টি টিউবওয়েল স্থাপনের কার্যক্রম পেন্ডিং আছে, যা আগামী মাসের মধ্যে বাকী কাজ দ্রুত সম্পন্ন করা হবে। ২০২২-২৩ অর্থবছরে গুইমারা উপজেলায় প্রত্যেক ইউনিয়নে ২৬টি করে ০৩টি ইউনিয়নে ৭৮টি টিউবওয়েল এর বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দ অনুসারে কার্যক্রম দ্রুত শুরু করার বিষয়ে আলোচনা হয়। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে জানান। | গত অর্থবছরের সকল কার্যক্রম দ্রুত বাস্তাবায়নের জন্য বলা হলো এবং নতুন বরাদ্দকৃত টিউবওয়েল স্থাপনের তালিকা ইউপি চেয়ারম্যান ও মেম্বারদের সঙ্গে সমন্বয় করে স্থান নির্বাচন পূর্বক তার তালিকা দ্রুত প্রেরণের জন্য বলা হলো। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল গুইমারা। |
| ০৯ | **প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসারের জনাব হিটলারুজ্জামান জানান যে, প্রাথমিক পর্যায়ে শিক্ষার্থীদের খেলাধুলা কার্যক্রম শেষ হয়েছে। পিডিপি-৪ এর আওতায় গুইমারা উপজেলায় ০৮টি স্কুলের টেন্ডার করা হয়েছে। সিন্দুকছড়ি ইউনিয়নের প্রায় প্রাথমিক বিদ্যালয় সমূহে পানির ব্যবস্থা নেই। তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুসারে শিক্ষকদের নিয়মিত তদারকি, স্কুল পরিদর্শন ও অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য বলা হলো।<br>সিন্দুকছড়ি ইউপি চেয়ারম্যান প্রাথমিক বিদ্যালয়ে পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গুইমারা। |
| ১০ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের পক্ষে জনাব মো: বাবলু হোসেন, প্রধান শিক্ষক, গুইমারা সরকারি উচ্চ বিদ্যালয় জানান যে, আগামী মাসে এসএসসি ও দাখিল পরীক্ষা শুরু হবে। সে অনুসারে বিদ্যালয় প্রস্তুত করা হচ্ছে। একটি নতুন মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের নিমিত্তে সকলের সাথে পরামর্শক্রমে স্থান/জায়গা নির্দিষ্ট করে প্রস্তাব প্রেরণের বিষয়ে আলোচনা হয়। তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুসারে শিক্ষকদের নিয়মিত তদারকি, স্কুল পরিদর্শন ও অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হলো।<br>নতুন মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের নিমিত্তে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক শিক্ষা অফিসারকে বলা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার গুইমারা। |

| | | | |
|---|---|---|---|
| | **মহিলা বিষয়ক অধিদপ্তর/বিভাগ সংক্রান্ত ঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জনাবা মোছা: হাছিনা আক্তার জানান যে, গুইমারা উপজেলায় ২০২১-২২ চক্রে ০৩টি ইউনিয়নে জুলাই ও আগষ্ট ২০২২খ্রি. ০২ (দুই) মাসের ভিজিডি ডিও পত্র দেওয়া হয়। মহিলাদের জন্য আইজিএ প্রশিক্ষণ প্রকল্প ১৬তম ব্যাচ প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে এবং ১৭তম ব্যাচ আগামী অক্টোবর ২০২২ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত চলমান থাকবে। এছাড়াও ভিজিডি বিতরণের সময় উপকারভোগীদের মাঝে বাল্য বিবাহের নেতিবাচক দিক, বিবাহ রেজিষ্ট্রেশন না থাকার কুফল সম্পর্কে আলোচনা ও সচেতন করা হয়। কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে মর্মে জানান। | সঠিক ভাবে ভিজিডি প্রদান এবং প্রশিক্ষণ প্রদানের জন্য বলা হলো।<br>সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গুইমারা। |
| ১২ | **যুব উন্নয়ন অধিদপ্তর/বিভাগ সংক্রান্ত:**<br>উপজেলা যুব উন্নয়ন সহকারী কর্মকর্তা জনাব মোহাং মিজানুর রহমান জানান যে, গুইমারা উপজেলায় ২৭জন যুবদের মাঝে ১১,৪০,০০০/- (এগার লক্ষ চল্লিশ হাজার) টাকা যুব ঋণ বিতরণ করা হয়। ঋণ আদায়ের হার ১০০%। ২০২২-২৩ অর্থবছরে যুব ঋণ বিতরণ ৫,৬০,০০০/-(পাচঁ লক্ষ ষাট হাজার) টাকা যুব ঋণ গ্রহণকারী ১৪জন। ২০২২-২৩ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষমাত্রা ৩০০জন। বরাদ্দ পাওয়া সাপেক্ষে কার্যক্রম শুরু করা হবে। তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | ঋণ বিতরণ ও গ্রহণ কার্যক্রম সঠিক ভাবে পর্যবেক্ষণ এবং প্রশিক্ষনার্থীদের তালিকা সকলের সাথে সমন্বয় করে করার জন্য বলা হলো।<br>সরকারি নিয়ম অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা যুবউন্নয়ন অফিসার, গুইমারা। |
| ১৩ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের পক্ষে ডা. সাফায়েত হোসাইন মীর, মেডিকেল অফিসার, গুইমারা ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স জানান যে, গুইমারা উপজেলা নুতন হওয়ায় তিন ইউনিয়ন তিন উপজেলা স্বাস্থ্য বিভাগ হতে নিয়ন্ত্রিত হয়, গুইমারা উপজেলায় স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে।। | সরকারি নিয়ম অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার গুইমারা |
| ১৪ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | নিয়মিত মাসিক সভায় উপস্থিত থেকে সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার গুইমারা। |
| ১৫ | **রেঞ্জ কর্মকর্তা ঃ**<br>উপজেলা রেঞ্জ কর্মকর্তা অনুকর চাকমা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নিয়ম অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য বলা হলো। | রেঞ্জ কর্মকর্তা, জালিয়া পাড়া রেঞ্জ |
| ১৬ | **খাদ্য বিভাগঃ**<br>উপজেলা খাদ্য গুদাম এর ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব হামিদুল মামুন জানান যে, (১) ইপি, ওপি খাতে প্রতিমাসে আনসার, বিজিবি এবং অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনীর জুলাই/২২খ্রি. মাসে রেশন চাল ও গম বিতরণ করা হয়েছে। (২) ভিজিডি খাতে জুলাই-আগষ্ট২০২২ মাসের ডিও দেওয়া হয়েছে। স্থানীয় ইউপি চেয়ারম্যানদের নামে ডিও ইস্যু করা হয়। তালিকাভূক্ত নির্ধারিত কার্ড ধারীদের ৩০ কেজি হারে চাল বিতরণ করা হয়। (৩) গুচ্ছগ্রাম, জেএসএস, ভারত প্রত্যাগত উপজাতীয় শরনার্থীদের জুলাই-সেপ্টেম্বর ২০২২ ডিও'র উপবরাদ্দ আদেশ জেলা প্রশাসক মহোদয়ের দপ্তর হতে ইস্যু করা হয়নি। (৪) পর্যাপ্ত বিক্রেতা না পাওয়া যাওয়ায় ১৪.৪৪০মে.টন ধান জেলা খাদ্য নিয়ন্ত্রক মহোদয়ের বরাবর সমর্পণ করা হয়। পরিদর্শক জানান যে, গুইমারা উপজেলার সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্যগুদাম গুইমারা। |
| ১৭ | **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**<br>উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর শাখা ব্যবস্থাপক জনাব শান্তনু মহাজন জানান যে, জুলাই/২০২২ গুইমারা উপজেলায় পল্লী সঞ্চয় ব্যাংক ঋণ বিতরণ ৬৫.৭০, ঋণ আদায় ৪৩.৬২, চলতি ঋণ ৫৭২.০৭, খেলাপি ঋণ ১৭৬.৪৬, মোট বকেয়া ৭৪৮.৫৩ সমিতি সংখ্যা ৮৭টি, সঞ্চয় জমা ২৭৪.৬৭। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে মর্মে জানান। | সকল কার্যক্রম স্বাচ্ছতার সাথে পরিচালনার জন্য ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে শতভাগ ঋণ আদায়, সমিতি গঠন ও অন্যান্য কার্যক্রম সরকারি নিয়ম অনুসারে সঠিক ভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, গুইমারা |
| ১৮ | **টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প (পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড) ঃ**<br>উপজেলা প্রকল্প ব্যবস্থাপক জনাব টিটন চাকমা জানান যে, টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের আওতাধীন "সুবিধা বঞ্চিত এলাকায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থা | সকল পাড়া কেন্দ্র নিয়মিত পরিদর্শন ও তদারকি করার জন্য বলা হলো। সরকারি নির্দেশনা অনুসারে সকল কার্যক্রম স্বাভাবিক ও | উপজেলা প্রকল্প ব্যবস্থাপক, গুইমারা। |

| | | | |
|---|---|---|---|
| | ডিজিটালকরণ" প্রকল্পের আওতায় বটতলা মডেল পাড়াকেন্দ্রে ডিজিটালকরণ কার্যক্রম চলমান রয়েছে। জাতীয় পুষ্টি সপ্তাহ/২০২২ উপলক্ষ্যে গুইমারা উপজেলায় ১৫৬টি পাড়া কেন্দ্রে ০৭পিদন ব্যাপী ০-৫ বছর বয়সী শিশুদের অপুষ্টি পরিমাপ করা, গর্ভবতী প্রসূতি ও দুগ্ধদানকারী মায়েদের আয়রন ঔষধ বিতরণ এবং পুষ্টি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য পাড়া পর্যায়ে উঠান বৈঠক আয়োজন করা হয়েছে। অন্যন্য কার্যক্রম স্বাভাবিক ও চলমান রয়েছে। | চলমান রাখার জন্য বলা হলো। | |
| ১৯ | **উপজেলা তথ্য কেন্দ্র (তথ্য আপা প্রকল্প-২) :**<br>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা জনাবা কীর্তি চাকমা জানান যে, জুলাই/২০২২খ্রি. মাসে মোট সেবা গ্রহীতার সংখ্যা ৬০০জন। তথ্যকেন্দ্রে সেবা ১০০জন। ডোর টু ডোর সেবা প্রদান ৫০০জন। উঠান বৈঠক ০২টি, সেবা গ্রহীতা ৫০জন। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে জানান। | নিয়মিত উঠান বৈঠক, ডোর টু ডোর সেবা প্রদান, তথ্যকেন্দ্রে সেবা প্রদান কার্যক্রম সহ সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য বলা হলো। | উপজেলা তথ্য সোবা কর্মকর্তা গুইমারা |
| ২০ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব এ.বি.এম কামরুজ্জামান জানান যে, গুইমারা উপজেলায় মাসিক সঞ্চয় জমা রয়েছে =৪৯,৮৮০/-(উনপঞ্চাশ হাজার আটশত আশি) টাকা। ১২টি রেজিষ্ট্রাড প্রাথমিক সমবায় সমিতির আবেদন সমন্বয়ে গুইমারা উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লি: গঠনের নিমিত্তে রেজিষ্টেশন প্রাপ্তির লক্ষ্যে যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম বরাবর প্রয়োজনীয়র কাগজ পত্রাদি প্রেরণ করা হয়েছে। বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম এর স্মারক নং-২২-১১৩৩/৬, তারিখ: ১৬/০৬/২০২২খ্রি. মূলে অনুমোদিত হয়েছে। বর্তমান শেয়ার আমানতের পরিমাণ =১,০৩,৫৫০/-এবং সঞ্চয় আমানতের পরিমাণ=৬,৪৪,৯৪৪/-টাকা। কোভিড -১৯ প্রণোদনা ঋণ বিতরণ মাসে=২,৭০,০০০/-টাকা সদস্য সংখ্যা ০৩জন। বছরে=২,৭০,০০০/-টাকা, ক্রমপুঞ্জিত =৪,০৫,০০০/-টাকা, সদস্য সংখ্যা : ০৫জন। তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে জানান। | ঋণদান কর্মসূচী নিয়মিত তদারকি, ঋণ আদায় এবং সরকারি নির্দেশনা অনুযায়ী সকল কার্যক্রম স্বাভাবিক ও চলমান রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গুইমারা |
| ২১ | **উপজেলা পরিষদের রাজস্ব তহবিল সংক্রান্ত:**<br>গুইমারা উপজেলা পরিষদ কার্যালয় এর অফিসের জন্য অফিস ষ্টেশনারী বাবদ মার্চ/২০২২খ্রি. এবং এপ্রিল/২০২২খ্রি. দুই মাসের বকেয়া আনুষাঙ্গিক বিল ভ্যাট ও আয়কর সহ মোট=৩,৩১৫/-(তিন হাজার তিনশত পনের) টাকা পরিষদের রাজস্ব তহবিল হতে উত্তোলনের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পরিষদ কার্যালয় এর অফিস ষ্টেশনারী বাবদ মার্চ/২০২২খ্রি. এবং এপ্রিল/২০২২খ্রি. দুই মাসের বকেয়া আনুষাঙ্গিক বিল ভ্যাট ও আয়কর সহ মোট=৩,৩১৫/-(তিন হাজার তিনশত পনের) টাকা রাজস্ব তহবিল হতে উত্তোলনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২২ | **উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান সংক্রান্ত:**<br>গুইমারা উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সকল সদস্যদের সমন্বয়ে উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান অগ্রাধিকারক্রমে মিজ ঝর্ণা ত্রিপুরা কে ভাইস চেয়ারম্যান (মহিলা) প্যানেল চেয়ারম্যান-০১ এবং জনাব কংজরী মারমা ভাইস চেয়ারম্যান (পুরুষ) কে প্যানেল চেয়ারম্যান-০২ প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | পরিষদের মাসিক সভায় উপস্থিত সকল সদস্যদের সমন্বয়ে উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান অগ্রাধিকারক্রমে মিসেস ঝর্ণা ত্রিপুরা ভাইস চেয়ারম্যান (মহিলা) কে প্যানেল চেয়ারম্যান-০১ এবং জনাব কংজরী মারমা ভাইস চেয়ারম্যান (পুরুষ) কে প্যানেল চেয়ারম্যান-০২ প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২৩ | **উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটি সংক্রান্ত:**<br>উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা ও সদস্যদের সমন্বয়ে পরিষদের ১৭টি স্থায়ী কমিটি গঠন করার বিষয়ে আলোচনা হয় এবং আলোচনাক্রমে ১৭টি স্থায়ী কমিটি সম্পন্ন করে পরিশিষ্ট-ক তে দেখানো হলো। | উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা ও সদস্যদের সমন্বয়ে পরিষদের ১৭টি স্থায়ী কমিটি গঠন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এবং পরিশিষ্ট-ক তে দেখানো হলো। | |
| ২৪ | **উপজেলা পরিষদের হলরুম ভাড়া সংক্রান্ত:**<br>গুইমারা উপজেলা পরিষদের হলরুম সরকারি অফিস ব্যতীত বে-সরকারি সংস্থা, এনজিও অন্যান্য অফিস কর্তৃক কোন প্রকার সভা সমাবেশ করতে আগ্রহী হলে পূর্ব আবেদনের প্রেক্ষিতে হলরুম ভাড়া প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। হলরুম ভাড়া বাবদ দৈনিক ২,০০০/-(দুই হাজার টাকা) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা প্রদান করতে হবে | উপজেলা পরিষদের হলরুম সরকারি অফিস ব্যতীত বে-সরকারি সংস্থা, এনজিও অন্যান্য অফিস কর্তৃক কোন প্রকার সভা সমাবেশ করতে আগ্রহী হলে পূর্ব আবেদনের প্রেক্ষিতে হলরুম ভাড়া বাবদ দৈনিক ২,০০০/-(দুই হাজার টাকা) উক্ত সংস্থা বা এনজিও উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা প্রদান করবেন। | |
| ২৫ | **উপজেলায় বিভিন্ন সরকারি অফিস স্থাপন সংক্রান্ত:**<br>গুইমারা উপজেলা পরিষদের কার্যক্রম ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হওয়া সত্বেও এখন পর্যন্ত স্বাস্থ্য বিভাগ, হিসাব রক্ষণ বিভাগ, উপজেলা ফায়ার সার্ভিস স্টেশন, উপজেলা নির্বাচন অফিস স্থাপন করা সম্ভব হয়নি। এ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা স্বাস্থ্য বিভাগ, উপজেলা হিসাব রক্ষণ বিভাগ, উপজেলা ফায়ার সার্ভিস স্টেশন, উপজেলা নির্বাচন অফিস স্থাপন করার বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণের সম্মানী সংক্রান্ত): উপজেলা পরিষদের মেয়াদ ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হওয়া সত্ত্বেও উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান (মহিলা) ও ভাইস চেয়ারম্যান (পুরুষ) কোন সম্মানী গ্রহণ বা প্রদান করা সম্ভব হয়নি যা খুবই দু:খ জনক। স্থানীয় সরকার বিভাগ বরাবর নিম্নোক্ত হারে বরাদ্দ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | বকেয়া বিলের বিবরণ | অর্থ বছর | বকেয়া বিলের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান এর সম্মানী ভাতা | ২০১৬-২০১৭ | ১,৮০,০০০/- | বাড়ি ভাড়া ভাতা সহ মার্চ ২০১৭খ্রি. হতে জুন ২০১৭খ্রি. ০৪ মাসের সম্মানী ভাতা। |
| ০২ | চেয়ারম্যান এর সম্মানী ভাতা | ২০১৭-২০১৮ | ৫,৪০,০০০/- | বাড়ি ভাড়া ভাতা সহ জুলাই ২০১৭খ্রি. হতে জুন ২০১৮খ্রি. ১২ মাসের সম্মানী ভাতা। |
| ০৩ | চেয়ারম্যান এর সম্মানী ভাতা | ২০১৮-২০১৯ | ৫,৪০,০০০/- | বাড়ি ভাড়া ভাতা সহ জুলাই ২০১৮খ্রি. হতে জুন ২০১৯খ্রি. ১২ মাসের সম্মানী ভাতা। |
| ০৪ | চেয়ারম্যান এর সম্মানী ভাতা | ২০১৯-২০২০ | ৫,৪০,০০০/- | বাড়ি ভাড়া ভাতা সহ জুলাই ২০১৯খ্রি. হতে জুন ২০২০খ্রি. ১২ মাসের সম্মানী ভাতা। |
| ০৫ | চেয়ারম্যান এর সম্মানী ভাতা | ২০২০-২০২১ | ৫,৪০,০০০/- | বাড়ি ভাড়া ভাতা সহ জুলাই ২০২০খ্রি. হতে জুন ২০২১খ্রি. ১২ মাসের সম্মানী ভাতা। |
| ০৬ | চেয়ারম্যান এর সম্মানী ভাতা | ২০২১-২০২২ | ৫,৪০,০০০/- | বাড়ি ভাড়া ভাতা সহ জুলাই ২০২১খ্রি. হতে জুন ২০২২খ্রি. ১২ মাসের সম্মানী ভাতা। |
| ০৭ | ভাইস চেয়ারম্যান (মহিলা)সম্মানী ভাতা | ২০১৬-২০১৭ | ১,০৮,০০০/- | মার্চ ২০১৭খ্রি. হতে জুন ২০১৭খ্রি. ০৪ মাসের সম্মানী ভাতা। |
| ০৮ | ভাইস চেয়ারম্যান (মহিলা)সম্মানী ভাতা | ২০১৭-২০১৮ | ৩,২৪,০০০/- | জুলাই ২০১৭খ্রি. হতে জুন ২০১৮খ্রি. ১২ মাসের সম্মানী ভাতা। |
| ০৯ | ভাইস চেয়ারম্যান (মহিলা)সম্মানী ভাতা | ২০১৮-২০১৯ | ৩,২৪,০০০/- | জুলাই ২০১৮খ্রি. হতে জুন ২০১৯খ্রি. ১২ মাসের সম্মানী ভাতা। |
| ১০ | ভাইস চেয়ারম্যান (মহিলা)সম্মানী ভাতা | ২০১৯-২০২০ | ৩,২৪,০০০/- | জুলাই ২০১৯খ্রি. হতে জুন ২০২০খ্রি. ১২ মাসের সম্মানী ভাতা। |
| ১১ | ভাইস চেয়ারম্যান (মহিলা)সম্মানী ভাতা | ২০২০-২০২১ | ৩,২৪,০০০/- | জুলাই ২০২০খ্রি. হতে জুন ২০২১খ্রি. ১২ মাসের সম্মানী ভাতা। |
| ১২ | ভাইস চেয়ারম্যান (মহিলা)সম্মানী ভাতা | ২০২১-২০২২ | ৩,২৪,০০০/- | জুলাই ২০২১খ্রি. হতে জুন ২০২২খ্রি. ১২ মাসের সম্মানী ভাতা। |
| ১৩ | ভাইস চেয়ারম্যান (পুরুষ)সম্মানী ভাতা | ২০১৬-২০১৭ | ১,০৮,০০০/- | মার্চ ২০১৭খ্রি. হতে জুন ২০১৭খ্রি. ০৪ মাসের সম্মানী ভাতা। |
| ১৪ | ভাইস চেয়ারম্যান (পুরুষ) সম্মানী ভাতা | ২০১৭-২০১৮ | ৩,২৪,০০০/- | জুলাই ২০১৭খ্রি. হতে জুন ২০১৮খ্রি. ১২ মাসের সম্মানী ভাতা। |
| ১৫ | ভাইস চেয়ারম্যান (পুরুষ) সম্মানী ভাতা | ২০১৮-২০১৯ | ১,০৮,০০০/- | জুলাই ২০১৮খ্রি. হতে অক্টোবর ২০১৮খ্রি. ০৪ মাসের সম্মানী ভাতা। গত ১৬ অক্টোবর ২০১৮খ্রি. তারিখে মৃত্যু বরণ করেন। |
| ১৬ | গাড়ি চালক এর বকেয়া মজুরী | ২০১৬-২০১৭ | ৭২,৯০০/- | এপ্রিল ২০১৭খ্রি. হতে সেপ্টেম্বর ২০১৭খ্রি. পর্যন্ত ০৬ মাসের কাজ নাই মজুরী নাই ভিত্তিতে বকেয়া মজুরী। |
| ১৭ | আপ্যায়ন বিল | ২০১৯-২০২০ | ২,৪০,০০০/- | জুলাই ২০১৯খ্রি. হতে জুন ২০২০খ্রি. পর্যন্ত ১২ মাসের আপ্যায়ন বিল। |
| ১৮ | আপ্যায়ন বিল | ২০২০-২০২১ | ২,৪০,০০০/- | জুলাই ২০২০খ্রি. হতে জুন ২০২১খ্রি. পর্যন্ত ১২ মাসের আপ্যায়ন বিল। |
| ১৯ | আপ্যায়ন বিল | ২০২১-২০২২ | ২,৪০,০০০/- | জুলাই ২০২১খ্রি. হতে জুন ২০২২খ্রি. পর্যন্ত ১২ মাসের আপ্যায়ন বিল। |
| ২০ | ষ্টেশনারী বিল | ২০১৯-২০২০ | ৪৮,০০০/- | জুলাই ২০১৯খ্রি. হতে জুন ২০২০খ্রি. পর্যন্ত ১২ মাসের ষ্টেশনারী বিল। |
| ২১ | ষ্টেশনারী বিল | ২০২০-২০২১ | ৪৮,০০০/- | জুলাই ২০২০খ্রি. হতে জুন ২০২১খ্রি. পর্যন্ত ১২ মাসের ষ্টেশনারী বিল। |
| ২২ | ষ্টেশনারী বিল | ২০২১-২০২২ | ৪৮,০০০/- | জুলাই ২০২১খ্রি. হতে জুন ২০২২খ্রি. পর্যন্ত ১২ মাসের ষ্টেশনারী বিল। |
| ২৩ | ইন্টারনেট বিল | ২০১৯-২০২০ | ২৪,০০০/- | জুলাই ২০১৯খ্রি. হতে জুন ২০২০খ্রি. পর্যন্ত ১২ মাসের ইন্টারনেট বিল। |
| ২৪ | ইন্টারনেট বিল | ২০২০-২০২১ | ২৪,০০০/- | জুলাই ২০২০খ্রি. হতে জুন ২০২১খ্রি. পর্যন্ত ১২ মাসের ইন্টারনেট বিল। |
| ২৫ | ইন্টারনেট বিল | ২০২১-২০২২ | ২৪,০০০/- | জুলাই ২০২১খ্রি. হতে জুন ২০২২খ্রি. পর্যন্ত ১২ মাসের ইন্টারনেট বিল। |
| ২৬ | গাড়ি মেরামত ও যন্ত্রাংশ ক্রয় | ২০১৯-২০২০ | ৫০,০০০/- | জুলাই ২০১৯খ্রি. হতে জুন ২০২০খ্রি. পর্যন্ত ১২ মাসের গাড়ির মেরামত ও যন্ত্রাংশ ক্রয় |
| ২৭ | গাড়ি মেরামত ও যন্ত্রাংশ ক্রয় | ২০২০-২০২১ | ৫০,০০০/- | জুলাই ২০২০খ্রি. হতে জুন ২০২১খ্রি. পর্যন্ত ১২ মাসের গাড়ির মেরামত ও যন্ত্রাংশ ক্রয় |
| ২৮ | গাড়ি মেরামত ও যন্ত্রাংশ ক্রয় | ২০২১-২০২২ | ৫০,০০০/- | জুলাই ২০২১খ্রি. হতে জুন ২০২২খ্রি. পর্যন্ত ১২ মাসের গাড়ির মেরামত ও যন্ত্রাংশ ক্রয় |
| ২৯ | অফিস সরঞ্জাম ক্রয় | ২০২১-২০২২ | ৩,০০,০০০/- | জুলাই ২০২১খ্রি. হতে জুন ২০২২খ্রি. পর্যন্ত অফিস সরঞ্জাম ক্রয়। ( উপজেলা পরিষদের সাংগঠনিক কাঠামো অনুসারে কম্পিউটার ০১টি, ফটোকপি মেশিন ০১টি, প্রিন্টার ০১টি, ল্যাপটপ ০১টি ক্রয় করার বিধান থাকলেও অদ্য পর্যন্ত কোন প্রকার যন্ত্রাংশ ক্রয় করা হয়নি।) |
| ৩০ | অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ | ২০১৯-২০২০ | ৩০,০০০/- | জুলাই ২০১৯খ্রি. হতে জুন ২০২০খ্রি. পর্যন্ত ১২ মাসের অফিস সরঞ্জাম রক্ষণাবেক্ষণ। |

| | | | |
|---|---|---|---|
| অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ | ২০২০-২০২১ | ৩০,০০০/- | জুলাই ২০২০খ্রি. হতে জুন ২০২১খ্রি. পর্যন্ত ১২ মাসের অফিস সরঞ্জাম রক্ষণাবেক্ষণ। |
| অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ | ২০২১-২০২২ | ৩০,০০০/- | জুলাই ২০২১খ্রি. হতে জুন ২০২২খ্রি. পর্যন্ত ১২ মাসের অফিস সরঞ্জাম রক্ষণাবেক্ষণ। |
| | সর্বমোট টাকা= | ৬৮,৯৬,০০০/ | |

কথায় : আটষট্টি লক্ষ ছিয়ানব্বই হাজার টাকা মাত্র

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/০৮/২২

(মেমং মারমা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গুইমারা
ও সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ই-মেইল-chairmanguimara@gmail.com

16.08.22

স্মারক নংঃ ০৬.৪৬.৪৬৪৭.০০০.১৬.০০২.৮৮.২০২১-২৮ (ক) তারিখঃ ১৬/০৮/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮নং খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭। উপ পরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। ভাইস চেয়ারম্যান(পুরুষ/মহিলা), গুইমারা উপজেলা পরিষদ, গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৯। উপজেলা.......................................................................অফিসার(সকল), গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০। চেয়ারম্যান, গুইমারা/হাফছড়ি/সিন্দুকছড়ি ইউ.পি.(সকল), গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১। জনাব .......................................................................

16.08.22

( মো: মোহাদেরুল বিল্যাহ )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
গুইমারা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ই-মেইল-unoguimara@gmail.com
মোবাইল নং-০১৫৫০৬০৪৫২৭

16.08.22